



অসঙ্গতি পাওয়ায় ৫৩ জুলাই যোদ্ধার গেজেট বাতিল করলো সরকার



সংগৃহীত ছবি

দীর্ঘদিনের অভিযোগ, তথ্যগত অসঙ্গতি ও নতুন করে যাচাই-বাছাইয়ের পর রংপুর বিভাগের ৫৩ জন 'জুলাই যোদ্ধা'র সরকারি স্বীকৃতি একযোগে বাতিল করেছে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়। সোমবার (১৭ নভেম্বর) মন্ত্রণালয়ের উপসচিব (গেজেট) হরিদাস ঠাকুর স্বাক্ষরিত প্রজ্ঞাপনে এই গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত জানানো হয়, যা সঙ্গে সঙ্গে কার্যকর হবে বলে উল্লেখ করা হয়েছে।

প্রজ্ঞাপনে বলা হয়, জুলাই গণঅভ্যুত্থানে শহীদ পরিবার ও জুলাই যোদ্ধাদের কল্যাণ ও পুনর্বাসন অধ্যাদেশ, ২০২৫ (অধ্যাদেশ নং ৩০, ২০২৫)—এর ১১ (৪) ধারা এবং Rules of Business 1996—এর Gi Schedule-1 এর ক্রমিক ২৩ অনুযায়ী প্রাপ্ত ক্ষমতাবলে ২০২৪ সালের জুলাই গণঅভ্যুত্থানের গেজেটভুক্ত এই ৫৩ জনের পরিচয় বাতিল করা হলো। মন্ত্রণালয় জানায়, যাচাই-প্রক্রিয়ায় একাধিক নামের তথ্য ও অংশগ্রহণ নিয়ে অসঙ্গতি ধরা পড়ে।

সম্প্রতি যাচাইয়ের অগ্রগতি সম্পর্কে মন্ত্রণালয়ের উপদেষ্টা ফারুক ই আজম জানান, আগের তালিকায় এমন অনেক নাম পাওয়া গেছে যারা জুলাই আন্দোলনে সরাসরি যুক্ত ছিলেন না বা আহত হওয়ার প্রমাণ মেলেনি। এসব অভিযোগ গণমাধ্যম, স্থানীয় প্রশাসন এবং সংশ্লিষ্ট পরিবারগুলোর পক্ষ থেকেও উত্থাপিত হওয়ায় সরকার তালিকা পুনর্গঠনে কঠোর অবস্থান নিয়েছে।

এর আগে গত ৩ আগস্ট শহীদ তালিকা থেকেও আটজনের নাম বাতিল করা হয়েছিল। বর্তমানে সরকারি হিসেবে স্বীকৃত শহীদ ৮৩৬ জন। তবে জুলাই যোদ্ধাদের গেজেট বাতিল—এ ধরনের বড় পদক্ষেপ এবারই প্রথম নেওয়া হলো বলে মন্ত্রণালয় সূত্র জানিয়েছে।

সরকারি শ্রেণিবিন্যাস অনুযায়ী 'অতি গুরুতর আহত' (ক), 'গুরুতর আহত' (খ) ও 'আহত' (গ) এই তিন পর্যায়ে এখন পর্যন্ত নিবন্ধিত জুলাই যোদ্ধার সংখ্যা ১৩ হাজার ৮০০। নতুন যাচাইয়ের ফলে ভবিষ্যতে এই সংখ্যা আরও কমেতে বা পুনর্বিন্যস্ত হতে পারে বলেও সংশ্লিষ্টরা ইঙ্গিত দিয়েছেন।